

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০১০.২০২৬-৪৫

০৮ বৈশাখ, ১৪৩৩

পত্র সংখ্যা

তারিখ২১ এপ্রিল, ২০২৬.....

প্রজ্ঞাপন


দেশব্যাপী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে এশীয় উন্নয়ন ব্যাংক-এর আর্থিক সহায়তায় আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (UPHCSDP) এর আওতায় দেশের বিভিন্ন সিটি কর্পোরেশন ও পৌরসভায় মোট ১৯০টি বহুতল ভবন নির্মিত হয়েছে বা নির্মাণাধীন রয়েছে। উক্ত ভবনসমূহকে কার্যকর নগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হিসেবে চালুর মাধ্যমে নগর প্রাথমিক স্বাস্থ্য সেবার সম্প্রসারণ, জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার সাথে সমন্বয় এবং নির্মিত অবকাঠামোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে রোডম্যাপ প্রণয়নের জন্যে নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন করা হলো:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	: সভাপতি
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	: সদস্য
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	: সদস্য
০৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	: সদস্য সচিব
০৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ	: সদস্য
০৬. সচিব, অর্থ বিভাগ	: সদস্য
০৭. ড. জিয়াউদ্দিন হায়দার, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা এবং সাবেক সিনিয়র হেলথ স্পেশালিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক	: সদস্য
০৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	: সদস্য
০৯. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	: সদস্য
১০. অতিরিক্ত সচিব (পৌর/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ	: সদস্য

কমিটির কার্যপরিধি

- স্থানীয় সরকার বিভাগের অধীন পরিচালিত UPHCSDP প্রকল্পের বর্তমান কাঠামো, প্রশাসনিক ব্যবস্থা, অর্থায়ন ও সেবা কাঠামো পর্যালোচনা করা;
 - উক্ত প্রকল্পের আওতাধীন ভবনসমূহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে হস্তান্তরের সম্ভাব্যতা এবং প্রয়োজনীয় আইনি ও প্রশাসনিক কাঠামো নির্ধারণ করা;
 - স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান স্বাস্থ্যসেবা কাঠামোর সাথে নগর প্রাথমিক স্বাস্থ্যসেবা সমন্বয়ের একটি টেকসই মডেল প্রস্তাব করা;
 - নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা সম্প্রসারণের লক্ষ্যে ভবিষ্যৎ প্রাতিষ্ঠানিক কাঠামো ও পরিচালন ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান করা;
 - কমিটি ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে; এবং
 - প্রয়োজনবোধে কমিটি যে কোনো বিশেষজ্ঞ বা প্রতিনিধি কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

 ২০/০৪/২০২৬

হাবিবুল হাসান

পরিচালক-৩ (প্রতিকল্প)

ফোনঃ ৫৫০২৯৪২৩

ই-মেইল:dir3@pmo.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ড. জিয়াউদ্দিন হায়দার, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা এবং সাবেক সিনিয়র হেলথ স্পেশালিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক।

চলমান পাতা/২

:২:

০৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (পৌর/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির ৫০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. নথি।